সংবাদ

তারিখ ...2-4-APR 2008 ...
পৃষ্ঠা 2 কলাম ৩

অবৈধভাবে ১৫ কর্মী নিয়োগ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসিসহ ৭ জনের নামে মামলা

প্রতিনিধি, গাজীপুর

ভুয়া বিজ্ঞাপনের মাধ্যমে, জাতীয় বিশ্ববিদ্যালয়ে ১৫ জন কর্মকর্তাকে অবৈধ নিয়োগ দেয়ার অভিযোগে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. ওয়াকিল আহমদসহ ৭ জনের বিরুদ্ধে জয়দেবপুর থানায় মামলা করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রভাষক (শিক্ষা) মো. হাফিজুর রহমান বাদি হয়ে ১৬ এপ্রিল মামলাটি করেন।

মামলার অন্য আসামিরা হলেন সাবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রার শমসের উজ্জ জামান, বর্তমান ভারপ্রাপ্ত রেজিস্ট্রার শের মোহাম্মদ, সাবেক ট্রেজারার সৈয়দ আবুল কালাম আজাদ, সহকারী রেজিস্ট্রার মোহাম্মদ মায়াজ্জেম হোসেন, উপ-রেজিস্ট্রার মো. হিদুর রহমান ও সাবেক পরিচালক জনসংযোগ ও প্রকাশনা) মুহাম্মদ মায়াজের। দি ইন্ডিপেনডেন্ট পত্রিকার ম্পাদক ও পিআইবির মহাপরিচালকসহ ৬ নকে মামলার সাক্ষী করা হয়েছে।

বাদি মামলার এজাহারে উল্লেখ করেন, আসামিরা পরস্পরের যোগসাজশে ২০০৪ সালের ১৫ সেপ্টেম্বর দি ডেইলি ইন্ডিপেনডেন্ট পত্রিকায় একটি ভুয়া বিজ্ঞাপনের মাধ্যমে ১৫ কর্মকর্তাকে নিয়োগ দেন। প্রকৃতপক্ষে ওই পত্রিকায় ওইদিন বিজ্ঞাপনটি ছাপানোই হয়নি। অনুরূপভাবে ভুয়া বিজ্ঞাপনের মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারী পদেও নিয়োগ দেয়া হয়। বিজ্ঞাপনটি পত্রিকায় প্রকাশিত না হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এর বিলও পরিশোধ করেননি। উপরন্তু হাইকোর্টের একটি মামলায় উল্লিখিত আসামিদের যোগসাজশে ভুয়া বিজ্ঞাপনের একটি নথি জমা দেয়া হয়।

এজাহারে আরও উল্লেখ করা হয়, ভুয়া বিজ্ঞাপনের ভিত্তিতে শত শত কর্মকর্তা-কর্মচারী নিয়োগের মাধ্যমে আসামিরা অবৈধ নিয়োগ বাণিজ্য করেছেন। নিয়োগপ্রাপ্তরা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছেন। বিজ্ঞপ্তি প্রকাশিত না হওয়ায় অনেক যোগ্য প্রার্থী নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেননি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মরত সৎ, দায়িত্বশীল ও নিষ্ঠাবান কর্মকর্তা-কর্মচারীরা পদোন্নতি থেকে বঞ্চিত